দুরাভাষ ঃ ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স ঃ ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

## মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা

## কোলকাতা ঃ ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং - তারিখঃ

## সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ৬৯ সময়ঃ বেলা ৩.৩০ টা
তাং - ৩০।১০।২০২৫ স্থানঃ পৌরসভা সভাকক্ষ

**আলোচ্য বিষয়ঃ**

(১) বিগত সভার (৬৭নং) কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন।
(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৫) নামজারিকরনের অনুমোদন।
(৬) বিবিধ।

**উপস্থিতিঃ**

- ✱ পৌরপ্রধানঃ শ্রী নিমাই ঘোষ
- ✱ উপপৌরপ্রধানঃ শ্রী প্রকাশ রাহা

**অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ**

- ✱ মহঃ নজরুল ইসলাম
- ✱ মাসতুরা সাহানি
- ✱ মহঃ জুম্মান আলী
- ✱ শ্রীমতী অনিতা মুখার্জী
- ✱ শ্রী গোপাল চন্দ্র ঘোষ
- ✱ শ্রীমতী কনিকা দেবনাথ
- ✱ শ্রী পঙ্কজ কান্তি চন্দ
- ✱ শ্রী সুভাষ ব্যানার্জী
- ✱ শ্রীমতী সুমিতা ঘোষ
- ✱ শ্রী অরবিন্দ মিত্র
- ✱ শ্রীমতী অন্তরা মজুমদার
- ✱ শ্রীমতী পিঙ্কি ঘোষ
- ✱ শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক
- ✱ শ্রী সুশান্ত রায়
- ✱ শ্রী কিশোর কুমার রায়
- ✱ শ্রীমতী রাধারানী দত্ত
- ✱ শ্রী সুব্রত দাস
- ✱ শ্রী প্রহ্লাদ কুমার দত্ত
- ✱ শ্রী অলোক সাহা
- ✱ শ্রীমতী বৈশালী ব্যানার্জী
- ✱ শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত
- ✱ শ্রী সঞ্জয় মন্ডল
- ✱ শ্রী অরুপ কুমার ঘোষ
- ✱ শ্রীমতী সুতপা ব্যানার্জী
- ✱ শ্রী সুকুমার মন্ডল

মধ্যমগ্রাম পৌরসভা উত্তর ২৪পরগনা মধ্যমগ্রাম

**অন্যান্য উপস্থিতিঃ** শ্রী রাজেন্দ্র নাথ মাহাত- নির্বাহী আধিকারিক
শ্রী প্রসুন ঘোষ - অর্থ আধিকারিক

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

সভার শুরুতে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় উপস্থিত সকল সদস্যকে শারদীয়া, দীপাবলি, জগদ্ধাত্রী ও ছট পূজার শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

উপস্থিত সকল সদস্য মাননীয় পৌরপ্রধানকেও শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

জিরো আওয়ারে শ্রী অলোক সাহা বলেন পৌরসভায় কর্মরত অস্থায়ী কর্মীদের প্রতি বৎসর বেতন বৃদ্ধি করা হয়। এবারে এখনও বৃদ্ধি হয় নি। অস্থায়ী কর্মীদের বেতন বৃদ্ধির ব্যাপারে মাননীয় পৌরপ্রধানের বক্তব্য জানতে চান।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন প্রতি বৎসর বেতন বৃদ্ধি করা হয় না। গতবছর বেতন বৃদ্ধি করা হয়েছিল। সবটাই আয়ের উপর নির্ভর করে। আগামী আর্থিক বৎসরে বেতন বৃদ্ধির বিষয়ে চিন্তা ভাবনা করা হবে বলে জানান।

মাননীয় উপ পৌরপ্রধান শ্রী প্রকাশ রাহা মহাশয় বলেন রাজ্য সরকারের পক্ষ থেকে যখনই কোন সামাজিক প্রকল্প ঘোষনা করা হয় তখন বলা হয় প্রকল্পটি বাস্তবায়িত হবে না। "আমাদের পাড়া আমাদের সমাধান (APAS)" প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে সারা রাজ্য জুড়ে। এজন্য রাজ্য সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করা উচিত বলে প্রস্তাব দেন।

সভায় উপস্থিত সকল সদস্য মাননীয় উপ-পৌরপ্রধানের প্রস্তাব সমর্থন করেন এবং রাজ্য সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করার সিদ্ধান্ত গ্রহণ করেন।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বিগত সভার (৬৭ নং) কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

শ্রী পঙ্কজ কান্তি চন্দ বলেন অলোকবাবু গত সভায় পৌরসভা পরিচালিত হাসপাতালে প্রাক্তন পৌরপ্রধান শ্রী মিহির দাশগুপ্ত মহাশয়কে দেখতে গিয়ে তাঁর অভিজ্ঞতা ব্যক্ত করেছিলেন। চাদর , কম্বল, পর্দা - ময়লা ও ছেঁড়া আছে বলে জানিয়েছিলেন। আমি মাননীয় পৌরপ্রধানের প্রস্তাব অনুযায়ী সবটা পর্যবেক্ষন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছি। চাদর ও কম্বল পরিষ্কারের পর ব্যবহার করা হয়। পর্দা পরিবর্তন করা হয়েছে।অলোকবাবু সহ সকলকে দেখে আসার জন্য অনুরোধ করেন।

শ্রী অলোক সাহা সহ উপস্থিত সকলে বিষয়টি সমাধানের জন্য শ্রী পঙ্কজ কান্তি চন্দ কে ধন্যবাদ জানান।

সভায় উপস্থিত সকল সদস্য বিগত সভার (৬৭ নং) কার্য্যবিবরনীর বিষয়ে কোন প্রকার আপত্তি না জানানোয় বিগত সভার (৬৭ নং) কার্য্যবিবরনী সম্পূর্ন অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন মাননীয় মুখ্যমন্ত্রী অনুমোদিত অর্থে (৪.৬৪ কোটি) ও HFA (21-22) -র কাজের জন্য যে tender আহ্বান করা হয়েছিল সেখানে Contractor দের প্রয়োজনীয় অংশগ্রহন না থাকায় পুনরায় tender করা হবে। Contractor রা কেন অংশগ্রহণ করলো না সে বিষয়ে ওদের সাথে মিটিং করা হবে। উক্ত সভায় মাননীয় পৌরপ্রধান ও মাননীয় উপপৌরপ্রধান থাকবেন। আমাদের পাড়া আমাদের সমাধান প্রকল্পে কাজ চলছে। ২৮ টা ওয়ার্ডের ১৮২ টি বুথের ৫৪৭ টি কাজ। মাননীয় জেলাশাসকের দপ্তর হতে অনুমোদনের পর estimate vetting করা হয়েছে। Tender প্রক্রিয়া চলছে। সমস্ত কাজগুলি RSPS পোর্টালে তোলার পর UDMA হতে অর্থনৈতিক অনুমোদন পাওয়া যাবে।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন WB - Tender পৌর্টালে কাজগুলি তুলতে অসুবিধা হচ্ছে । পোর্টালে দিনের বেলা Submit হচ্ছে না। State Nodal জলি চৌধুরী মহাশয় বলে রাত্রে পোর্টাল ঠিকমতো কাজ করে। সেজন্য মধ্যমগ্রামের মানুষের স্বার্থে আমরা দপ্তরের ইঞ্জিনীয়ার ও কর্মীদের সাথে আলোচনা করে ঠিক করেছি রাত্রি ১০ টা পর্যন্ত কাজ করে সমস্ত কাজগুলি দ্রুততার সাথে WB Tender পোর্টালে তুলে দেওয়া হবে।

শ্রী অরুপ কুমার ঘোষ মহাশয় বলেন বেশী অর্থের কাজ যে Contractor রা পাবে তাদের দিয়েই কম অর্থের কাজগুলি করানো উচিত।

পৌরপারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন Contractor দের সভায় বিষয়টি নিয়ে আলোচনা করা হবে।

সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) মাননীয় মুখ্যমন্ত্রী অনুমোদিত অর্থ (৪.৬৪ কোটি) ও HFA -র কাজের যে tender আহ্বান করা হয়েছিল তা বাস্তবায়িত না হওয়ায় পুনরায় টেন্ডার করার সিদ্ধান্ত গৃহীত হল।

(২) পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অনুমোদিত "আমাদের পাড়া আমাদের সমাধান (APAS)" প্রকল্পে মধ্যমগ্রাম পৌরএলাকার ২৮ টি ওয়ার্ডের ১৮২টি বুথে Priority র ভিত্তিতে যে ৫৪৭ টি কাজ জেলাশাসকের দপ্তর হতে অনুমোদিত হয়েছে সেই কাজগুলির Estimate vetting এর পর যে DPR তৈরী হয়েছে তা UDMA দপ্তর হতে আর্থিক অনুমোদনের জন্য RSPS Portal এ দ্রুত submit করার সিদ্ধান্ত গৃহীত হল।

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী মধ্যমগ্রাম পৌরসভার প্রস্তাবিত ইকো পার্কের মধ্যে জলাভুমির Rejuvenation এর জন্য KMDA মাধ্যমে যে DPR তৈরী করানো হয়েছে তা অনুমোদিত হল। উক্ত DPR অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের জন্য State Mission Director, Amrut 2 এর কাছে প্রস্তাব পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হল।

(২) নিম্নলিখিত e-Tender গুলি অনুমোদিত হলঃ-

(i) WBMAD/MM/WS/NIT - 13e/2025-26, dt. 23/09/25

(ii) WBMAD/MM/WS/NIT - 14e/2025-26, dt. 23/09/25

(iii) WBMAD/MM/WS/NIT - 15e/2025-26, dt. 23/09/25

(iv) WBMAD/MM/WS/NIT - 16e/2025-26, dt. 23/09/25

(v) WBMAD/MM/WS/NIT - 17e/2025-26, dt. 23/09/25

(vi) WBMAD/MM/WS/NIT - 18e/2025-26, dt. 23/09/25

(vii) WBMAD/MM/WS/NIT - 19e/2025-26, dt. 23/09/25

(৩) পৌরসভার প্রত্যেকটি ওয়ার্ডে কতগুলি করে tube light লাগানো আছে তার survey করা হবে।

(৪) মধ্যমগ্রাম পৌরসভার অন্তর্গত সারদা হোস্টেল লিফট, অফিস লিফট, গুডস লিফট ও নজরুল শতবার্ষিকী সদনে ক্যাপসুল লিফট, N.S.C.B. Hospital লিফট ও Electrical Maintenance of Municipal Office , Tagore Culture & 4 nos. Gear, 4 nos. Transformer and 4 nos. panel box ও যশোহর রোডে ডিভাইডার ১৬০ ওয়াট LED street light রক্ষনাবেক্ষনের জন্য পূর্বতন কোম্পানীর সুনামের ভিত্তিতে পূর্ব নির্দ্ধারিত মূল্যে একই শর্তে ঠিকাদারদের লিখিত অনুরোধে যথাক্রমে নিম্নলিখিত Work Order গুলি অনুমোদিত হলো, যা পরবর্তী বছরের অনুমোদিত ফান্ড থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

(i) MM/Chair/EL/WO/1701/25-26, dt. 25.08.2025, Amount: Rs. 94400.00

(ii) MM/Chair/EL/WO/1702/25-26, dt. 25.08.2025, Amount: Rs. 59000.00

(iii) MM/Chair/EL/WO/2113/25-26, dt. 24.09.2025, Amount: Rs. 458992.00

(iv) MM/Chair/EL/WO/2117/25-26, dt. 24.09.2025, Amount: Rs. 423685.00

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

পৌরপারিষদ সদস্য জনাব নজরুল ইসলাম মহাশয় বলেন মশাবাহিত রোগ ডেঙ্গুতে কয়েকজন আক্রান্ত হয়েছেন। প্রতিরোধের কাজে কর্মীরা দপ্তরের নির্দেশমতো কাজ করছে। আপনারাও তাদের কাজ Monitoring করছেন। তাদের কাজে যাতে কোন খামতি না থাকে , তা লক্ষ্য রাখবেন। আগামী মঙ্গলবার দ্বিতীয় পর্যায়ে গাপ্পী মাছ দেওয়া হবে। সুপারভাইজারদের সকালে পৌরসভায় এসে গাপ্পী মাছ সংগ্রহ করার জন্য বলবেন।

শ্রী অরুপ কুমার ঘোষ মহাশয় বলেন নভেম্বর মাসে দুটি রাউন্ড কাজ হবে। ৪টি রাউন্ড করার প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন এটা SUDA ঠিক করে। আরো বলেন PTMO প্রদীপ কুমার সাহা গত ১৪/০১/২০২৫ তারিখে পরলোকগমন করেছেন। তাঁর জায়গায় একজন PTMO নেওয়া হবে।

শ্রীমতী অন্তরা মজুমদার বলেন সরু রাস্তাগুলিতে যে বাড়ী আছে সেগুলির Septic Tank পরিষ্কার করার জন্য ছোট Cesspool ক্রয় করা উচিত।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন দুটি ছোট Cesspool গাড়ী ক্রয় করা হবে। আরো বলেন গংগানগর কঠিন বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পে উৎপন্ন সার ঝাড়াই করার জন্য একটি সার ঝাড়াই করা Sieving Machine ও একটি Baling Machine ক্রয় করা হবে। প্রয়োজনীয় ব্যয় 15th FC (Tied) তহবিল হতে করা হবে।

সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) আগামী ০৪.১১.২০২৫ তারিখ দ্বিতীয় পর্যায়ে গাপ্পী মাছ সরবরাহ করা হবে।

(২) পৌরসভা পরিচালিত হাসপাতালের PTMO শ্রী প্রদীপ কুমার সাহা গত ১৪.০১.২০২৫ তারিখে পরলোকগমন করায় তাঁর স্থলে একজন নতুন PTMO নিয়োগ করা হবে।

(৩) পৌরএলাকার সরু রাস্তা গুলির মধ্যে যে বাড়ী আছে সেই বাড়ীগুলির Septic Tank পরিষ্কারের জন্য দুটি ছোট Track Mounted Cesspool ক্রয় করা হবে।

(৪) গংগানগর কঠিন বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পে সার ঝাড়াই এর জন্য একটি সার ঝাড়াই করা Sieving Machine ও একটি Baling Machine ক্রয় করা হবে। প্রয়োজনীয় ব্যয় 15th FC (Tied) তহবিল হতে করা হবে।

(৫) নামজারিকরনের অনুমোদনঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত ৭১৮ টি নামজারিকরনের আবেদনপত্র অনুমোদিত হল।

(৬) বিবিধঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) নিম্নলিখিত Work Order দুটি তহবিলসহ অনুমোদিত হলঃ-

(i) MM/Electric/20/2025-26, dt. 30/07/2025,
Amount : Rs. 410000.00, Fund : ADP (2024 - 25)

(ii) MM/Electric/23/2025-26, dt. 10/08/2025,
Amount : Rs. 142700.00, Fund : ADP (2024 - 25)

(২) BPL পরিবারভুক্ত মৃত ব্যাক্তির পরিবারের পক্ষ থেকে National Family Benefit Scheme (NFBS) প্রকল্পে এককালীন অনুদানের জন্য যে দুটি আবেদনপত্র (আবেদনকারী টুম্পা সাধুখা এবং ইতু রায় গোস্বামী) জমা হয়েছে তা অনুমোদিত হল এবং উক্ত আবেদনপত্র দুটি মাননীয় জেলাশাসক, উত্তর ২৪ পরগণা এবং SUDA -র কাছে প্রয়োজনীয় ব্যবস্হা নেওয়ার জন্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হল।

(৩) মধ্যমগ্রাম পৌরসভা পরিচালিত N.S.C.B. হাসপাতালের ICCU বিভাগের জন্য একটি USG Machine ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হল।

(৪) "আমাদের পাড়া আমাদের সমাধান (APAS)" ও দুয়ারে সরকার প্রকল্প বাস্তবায়নে সরকার প্রদত্ত অর্থ ছাড়া ও অতিরিক্ত যে অর্থ ব্যয় হয়েছে তা পৌরতহবিল হতে করার সিদ্ধান্ত গৃহীত হল।

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ____________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং ________
এর নিকট প্রেরিত হল।

Madhyamgram Municipality
North 24 Parganas

মধ্যমগ্রাম পৌরসভা
উত্তর ২৪পরগনা
মধ্যমগ্রাম

ধন্যবাদান্তে,

পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা